রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারী ১৪, ১৯৮৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও জনশক্তি মন্ত্রণালয়

শাখা-১০

বিজ্ঞপ্তি

ঢাকা, ২৮শে পৌষ, ১৩৯৪/১৩ই জানুয়ারী, ১৯৮৮

নং এস, আর, ও, ৫-আইন/৮৮/শা-১০/নিম্ন-১৭/৮৭—Minimum Wages Ordinance 1961 (XXXIX of 1961) এর Section 6(1) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার ঘোষণা করিতেছেন যে, "দর্জি কারখানা" শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত বিভিন্ন শ্রেণীর শ্রমিকগণের মজুরীর হার নির্ধারণের উদ্দেশ্যে উক্ত Ordinance এর Section 3 এর অধীনে গঠিত নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক একই Ordinance এর



মূল্যঃ ৩০ পয়সা

Section 5 এর বিধান মোতাবেক সুপারিশকৃত এবং নিম্ন তফসিলে বর্ণিত মজুরীর হারসমূহ উক্ত শ্রমিকগণের নিম্নতম মজুরীর হার হইবেঃ

তফসিল

| শ্রমিক পদবিন্যাস | ঢাকা-নারায়নগঞ্জ, চট্টগ্রাম ও খুলনা মেট্রোপলিটান এলাকা | | | অন্যান্য এলাকা | | |
|---|---|---|---|---|---|---|
| | মাসিক মূল মজুরী | মাসিক প্রান্তিক ভাতা | মোট | মাসিক মূল মজুরী | মাসিক প্রান্তিক ভাতা | মোট |
| | (টাকা) | (টাকা) | (টাকা) | (টাকা) | (টাকা) | (টাকা) |
| উচ্চতর দক্ষ-১ঃ | ৯০০ | ৪১০ | ১৩১০ | ৯০০ | ৩০০ | ১২০০ |
| ১। কাটার মাস্টার (জেন্টস গার্মেন্টস) | | | | | | |
| ২। কাটার মাস্টার (লেডিস গার্মেন্টস) | | | | | | |
| উচ্চতর দক্ষ-২ঃ | ৮২৫ | ৩৮৮ | ১২১৩ | ৮২৫ | ২৮৫ | ১১১০ |
| ১। পুরুষদের কোট, প্যান্ট, সেরওয়ানী, সাপারী, ডাক্তারী এপ্রোন, অনুরূপ সেলাই কারিগর। | | | | | | |
| ২। মহিলাদের বোরখা, এপ্রোন, কোট, প্যান্ট, ম্যাকসী, মিডি, অনুরূপ সেলাই কারিগর। | | | | | | |
| দক্ষ ঃ | ৭৫০ | ৩৬৫ | ১১১৫ | ৭৫০ | ২৭০ | ১০২০ |
| ১। পুরুষদের সার্ট, পাঞ্জাবী, পায়জামা, অনুরূপ সেলাই কারিগর। | | | | | | |
| ২। মহিলাদের ব্লাউজ, ফ্রক, কামিজ,সেলোয়ার, অনুরূপ সেলাই কারিগর। | | | | | | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| আধা-দক্ষ ঃ | ৬২০ | ৩২৬ | ১৪৬ | ৬২০ | [২৪৪ | ৮৬৪ |
| ১। জেন্টস কাজের হেলপার | | | | | | |
| ২। লেডিজ কাজের হেলপার | | | | | | |

শিক্ষানবিস ঃ মাসিক শিক্ষানবিস ভাতা ৫০০ টাকা (ঊর্ধ ৬ মাস) (শপস্ এণ্ড ইন্টাবলিশমেন্ট আইন, ১৯৬৫ অনুযায়ী যে সব দর্জি কারখানায় ৫ বা ততোধিক শ্রমিক কর্মরত আছে)।

বিশেষ দ্রষ্টব্য ঃ প্রান্তিক ভাতা বলিতে বুঝায়ঃ

| | ঢাকা-নারায়নগঞ্জ, চট্টগ্রাম ও খুলনা মেট্রোপলিটান এলাকা | অন্যান্য এলাকা |
|---|---|---|
| বাড়ী ভাড়া ভাতা .. | মূল মজুরীর ৩০% .. | মূল মজুরীর ২০% |
| চিকিৎসা ভাতা .. | ১০০ টাকা মাসিক .. | ১০০ টাকা মাসিক |
| যাতায়াত ভাতা .. | ৪০ টাকা মাসিক .. | ২০ টাকা মাসিক |

রাষ্ট্রপতির আদেশক্রমে

হেলাল উদ্দিন খান
উপ-সচিব।

বিশেষ দ্রষ্টব্যঃ এতদসংগে নিম্নতম মজুরী বোর্ডের সুপারিশ, ১৯৮৭ এর অনুলিপি হুবাহু প্রকাশ করা হইল।

## বাংলাদেশ নিম্নতম মজুরী বোর্ড

### "দর্জি কারখানা" শিল্প প্রতিষ্ঠান

### সুপারিশ, ১৯৮৭

১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশ (অধ্যাদেশ নং ৩৯) -এর ৫(১) ধারার বিধান অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ১৯শে জুন, ১৯৮৪ তারিখের এস, আর, ও ২৬৭-এল/৮৪(শা-১০/২(১১)/৮৪ নম্বর বিজ্ঞপ্তি দ্বারা অত্র বোর্ডকে "দর্জি কারখানা" শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত শ্রমিকদের নিম্নতম মজুরী সুপারিশের নির্দেশ দেন এবং উক্ত শিল্পে প্রতিনিধিত্ব করার জন্য ৮ই জানুয়ারী, ১৯৮৫ তারিখের এস, আর, ও ২৭-এল/৮৫শা-১০/২(১)/৮৪ নম্বর বিজ্ঞপ্তি দ্বারা উক্ত শিল্পের মালিক ও শ্রমিক পক্ষের সদস্য নিয়োগ করেন।

বোর্ড "দর্জি কারখানা" পরিদর্শন করিয়া উহার বর্তমান অবস্থা, শ্রমিকদের কার্য পদ্ধতি, জীবিকা নির্বাহের ব্যয়, মজুরী রেজিষ্টার, মালিকের মজুরী প্রদানের পদ্ধতি, অর্থনৈতিক অবস্থা বর্তমানে বোর্ড কর্তৃক সমপর্যায়ের শিল্প প্রতিষ্ঠানের নিম্নতম মজুরী প্রদান এবং আরও কতিপয় বিষয় পর্যবেক্ষণক্রমে খসড়া সুপারিশ প্রণয়ন করেন এবং নিম্নতম মজুরী বিধি-মালার ১৫(১) বিধি মোতাবেক উক্ত খসড়া সুপারিশ সাধারণের অবগতির জন্য বাংলাদেশ গেজেটের মারফত প্রচার করেন।

অতঃপর খসড়া সুপারিশের উপর ১৯৬১ সনের নিম্নতম মজুরী বিধিমালার ১৫(২) বিধি মোতাবেক দাখিলকৃত আপত্তি ও প্রস্তাব বিবেচনা করিয়া দীর্ঘ আলোচনার পর সর্বসম্মতি-ক্রমে ১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের ৫ ধারা মোতাবেক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট নিম্নলিখিত সুপারিশ পেশ করিতেছেন ঃ

(১) "দর্জি কারখানা" শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত শ্রমিকদের বিভিন্ন পদবী, কাজের ধারা ও প্রকৃতি, জ্ঞান ও অভিজ্ঞতা, দক্ষতা ও পারিপার্শ্বিক অবস্থা ইত্যাদি বিবেচনাক্রমে (১) উচ্চতর দক্ষ-১, (২) উচ্চতর দক্ষ-২, (৩) দক্ষ, (৪) আধা-দক্ষ ও (৫) শিক্ষানবিস এই ৫ (পাঁচ) শ্রেণীতে বিভক্ত করা হয় যাহা অত্র সাথে সংযোজিত পরিচ্ছেদ "ক" এ বলা হইয়াছে।

(২) বাংলাদেশ অবস্থিত ছোট ও বড়সহ সকল দর্জি কারখানার বর্তমান অবস্থার প্রেক্ষিতে ঢাকা-নারায়নগঞ্জ, চট্টগ্রাম ও খুলনা এই তিনটি মেট্রোপলিটান এলাকায় অবস্থিত সকল দর্জি কারখানায় নিয়োজিত শ্রমিকগণ শ্রেণী বিন্যাস অনুযায়ী মূল মজুরীর সহিত বাড়ী ভাড়া ভাতা ৩০%, চিকিৎসা ভাতা মাসিক ১০০ টাকা ও যাতায়াত ভাতা মাসিক ৪০ টাকা এবং দেশের অন্যান্য স্থানের সকল দর্জি কারখানায় নিয়োজিত শ্রমিকগণ মূল মজুরীর সহিত বাড়ী ভাড়া ভাতা ২০%, চিকিৎসা ভাতা মাসিক ১০০ টাকা ও যাতায়াত ভাতা মাসিক ২০ টাকা হিসাবে পাইবেন।

(৩) এই সুপারিশ ঘোষণার পর হইতে শিল্প প্রতিষ্ঠানের মালিকগণ "ক" পরিচ্ছেদে বর্ণিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিকগণকে যথাযথ পদে সন্নিবেশিত করিয়া মজুরী রেজিষ্টারভুক্ত করিবেন এবং প্রয়োজনবোধে মজুরী "স্লিপ" প্রদান করিবেন।

(৪) যদি কোন শিল্প প্রতিষ্ঠানে কোন শ্রমিক ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরী প্রাপ্ত হইয়া থাকেন তবে সেই শ্রমিকও ১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের ২(৯) ধারা অনুযায়ী 'শ্রমিক' বলিয়া গণ্য হইবেন এবং উক্ত নিয়োগকারী ঠিকাদার মালিকের ন্যায় কার্য করিবেন।

(৫) তফসিলে উল্লিখিত মজুরী নিম্নতম মজুরী হিসাবে গণ্য হইবে অর্থাৎ প্রদেয় মজুরী উক্ত মজুরী হইতে কম হইবেনা। উক্ত মজুরী অপেক্ষা কোথাও যদি অধিক হারে মজুরী প্রদত্ত হইয়া থাকে তবে তাহা হ্রাস করা যাইবেনা। নিয়োগকর্তা/মালিক পক্ষ ইচ্ছা করিলে নিজেদের উদ্যোগে বা এককভাবে বা যৌথ চুক্তি অনুযায়ী কোন শ্রমিক অথবা শ্রমিকদের অধিক হারে মজুরী প্রদান করিতে পারিবেন।

(৬) যদি কোন শিল্প প্রতিষ্ঠানের মালিক শ্রমিকদিগকে ফুরণভিত্তিক মজুরী দিয়া থাকেন তবে তাহাকে এই সুপারিশ মোতাবেক তাহাদের মজুরীর হার এইরূপ হারে সংশোধন করিতে হইবে যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণীভুক্ত শ্রমিকদের জন্য নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা কম না পান।

(৭) তফসিলে উল্লিখিত নিম্নতম মজুরী ছাড়া শ্রমিকগণ অন্যান্য যে সব সুযোগ-সুবিধা পাইয়া থাকেন তাহা বহাল থাকিবে।

(৮) তফসিলে উল্লিখিত নিম্নতম মজুরী মাসিক মজুরী হিসাবে গণ্য হইবে এবং ফ্যাক্টরী আইন অনুযায়ী কর্মরত ২৬ (ছাব্বিশ) দিনে মাস ও কর্মরত ৮ (আট) ঘন্টায় দিন গণ্য করা হইবে।

এ, কে, এম, আজিজুল হক
চেয়ারম্যান,
নিম্নতম মজুরী বোর্ড,
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বাঃ
ডঃ তাহেরুল ইসলাম
নিরপেক্ষ সদস্য।

স্বাঃ
কে, এম, নাসিরুল হক
মালিক পক্ষের সদস্য।

স্বাঃ
মকবুল আহমেদ
শ্রমিক পক্ষের সদস্য।

স্বাঃ
আবদুল কুদ্দুস
মালিক পক্ষের সদস্য।

স্বাঃ
কাজী মোঃ আলী
শ্রমিক পক্ষের সদস্য।

মোঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা, কর্তৃক মুদ্রিত।
খোন্দকার মাহফুজাল করিম, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।